আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা**

নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.২৩.৭৪০

তারিখ: ০৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা-৮ এর উপধারা-৪ ও উপধারা-৫ এর প্রদত্ত ক্ষমতাবলে এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং ০৮.০০.০০০০.০৩৭.১৫.০২২.২২-১১৩, তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রি. এর প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড এ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত অধিক্ষেত্র সংক্রান্ত সকল আদেশ রহিত করে এ মর্মে নির্দেশ প্রদান করছে যে, নিম্নোক্ত তফসিল অনুযায়ী কলাম-৩ এ বর্ণিত অধিক্ষেত্র ন্যস্ত করা হলো এবং এতে অন্য কোনো মহাপরিচালক/কর কমিশনারের অধিক্ষেত্র থাকবে না।

## তফসিল

## কর অঞ্চল-১, ঢাকা (পুনর্গঠিত)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | কোম্পানিজ | ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত ইংরেজী বর্ণমালার 'A' দ্বারা আরম্ভ পরবর্তী বর্ণ a থেকে m (Aa- Am) পর্যন্ত লিমিটেড কোম্পানী এবং উল্লিখিত কোম্পানীর বার্ধক্য তহবিল বা পেনশন তহবিল, আনুতোষিক তহবিল, স্বীকৃত ভবিষ্য তহবিল ও পরিচালকবৃন্দের কর মামলাসমূহ (এল.টি.ইউ ব্যতীত)। | |
| ২ | কন্ট্রাকটরস | কোম্পানী ব্যতীত ঢাকা জেলার ইংরেজী বর্ণমালার 'B' দ্বারা শুরু ঠিকাদার শ্রেণীর কর মামলাসমূহ। | |
| ৩ | বৈতনিক | ১। ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত ইংরেজী বর্ণমালার 'A' দ্বারা আরম্ভ পরবর্তী বর্ণ a থেকে m (Aa- Am) পর্যন্ত লিমিটেড কোম্পানীর ঢাকায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।<br>২। ইংরেজী বর্ণমালার A হইতে F অক্ষর দ্বারা শুরু সকল বেসরকারি ব্যাংক ও অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানের ঢাকায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৩। বৃহৎ করদাতা ইউনিট এর অধিক্ষেত্রাধীন বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিঃ, জিএমজি এয়ারলাইন্স, এসকে আকিজ উদ্দিন লিঃ, ইউনাইটেড ঢাকা টোবাকো লিঃ, পারফেক্ট টোবাকো লিঃ, ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিঃ, আলফা টোবাকো ম্যানুফ্যাকচারিং কোং লিঃ এ ঢাকায় কর্মরত কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৪। সকল বিদেশি এয়ারলাইন্সে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৫। ঢাকা জেলায় অবস্থিত নিম্নলিখিত কর্পোরেশনসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহঃ ১। বি.এস.ই.সি ২। বাংলাদেশ পর্যটন কর্পোরেশন। ৩। বি.আই.ডাব্লিউ.টি.সি ৪। আই.সি.বি ৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড ৬। বি.আই.ডি.এস ৭। বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থা। ৮। বাংলাদেশ হ্যান্ড লুম ৯। জাতীয় ক্রীড়া উন্নয়ন বোর্ডে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ। | |

CamScanner

## কর অঞ্চল-ময়মনসিংহ (পুনর্গঠিত)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | কোম্পানিজ | ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলায় যেসকল লিমিটেড কোম্পানীর প্রধান কার্যালয় অবস্থিত ঐ সকল লিমিটেড কোম্পানী এবং সংশ্লিষ্ট কোম্পানীর বার্ধক্য তহবিল বা পেনশন তহবিল, আনুতোষিক তহবিল, স্বীকৃত ভবিষ্য তহবিল ও পরিচালকবৃন্দের কর মামলাসমূহ (এল.টি.ইউ ব্যতীত)। | |
| ২ | কন্ট্রাকটরস | ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলায় প্রধান কার্যালয় অবস্থিত এরূপ সকল ঠিকাদারী ব্যবসার কর মামলাসমূহ। | |
| ৩ | বৈতনিক | ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলায় অবস্থিত সকল পর্যায়ের সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, এনজিও, সরকারি/বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান ও ব্যাংক বীমাতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ। | |
| ৪ | ভৌগোলিক | ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলার সকল আয়কর মামলাসমূহ। | |
| ৫ | বিশেষ অধিক্ষেত্র | ১। ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলায় অবস্থিত সকল পর্যায়ের সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, এনজিও কর্তৃক উৎসে আয়কর কর্তন মনিটরিং করা এবং সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিতকরণ।<br>২। ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলায় অবস্থিত (নিবন্ধন/প্রধান কার্যালয় যেখানেই থাকুক না কেন) সকল পর্যায়ের আবাসিক/অনাবাসিক হোটেল, গেস্ট হাউজ, রেস্ট হাউজ, রেস্টুরেন্ট, ফাস্ট ফুড, পিৎজা সপ ইত্যাদির কর মামলাসমূহ।<br>৩। ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলায় অবস্থিত (নিবন্ধন/প্রধান কার্যালয় যেখানেই থাকুক না কেন) পর্যায় নির্বিশেষে সকল প্রাইভেট হাসপাতাল, মেডিকেল কলেজ, ক্লিনিক ও ডায়গনষ্টিক সেন্টারের কর মামলাসমূহ। | |



CamScanner

## আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট (নতুন অফিস)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বিশেষায়িত (সমগ্র বাংলাদেশ) | ১। গোয়েন্দা ও তদন্ত কার্যক্রম পরিচালনার মাধ্যমে আয়কর ফাঁকি উদঘাটন ও রাজস্ব পুনরুদ্ধার।<br>২। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পূর্ণাঙ্গ কার্যপরিধি প্রণয়ন করা হবে। | |

## ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট (নতুন অফিস)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বিশেষায়িত (সমগ্র বাংলাদেশ) | ১। আয়কর বিভাগের ডিজিটালাইজেশন ও অটোমেশন যাবতীয় কার্যাবলি বাস্তবায়ন।<br>২। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পূর্ণাঙ্গ কার্যপরিধি প্রণয়ন করা হবে। | |

## উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট (নতুন অফিস)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বিশেষায়িত (সমগ্র বাংলাদেশ) | ১। কর অঞ্চলসমূহের ডিজিটালাইজড উৎসে কর ব্যবস্থাপনা বাস্তবায়ন ও উৎসে কর মনিটরিং সম্পর্কিত যাবতীয় কার্যাবলি।<br>২। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পূর্ণাঙ্গ কার্যপরিধি প্রণয়ন করা হবে। | |

## আন্তর্জাতিক কর ইউনিট (নতুন অফিস)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | বিশেষায়িত (সমগ্র বাংলাদেশ) | ১। আন্তর্জাতিক চুক্তি, ট্রান্সফার প্রাইসিং ও মানি লন্ডারিং সম্পর্কিত কার্যাবলি।<br>২। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পূর্ণাঙ্গ কার্যপরিধি প্রণয়ন করা হবে। | |

০২। কর অঞ্চল-১, ঢাকা থেকে কর অঞ্চল-২৫, ঢাকা এর অধিক্ষেত্রভুক্ত হওয়ার যোগ্য কোন এলাকা, ব্যক্তি, ফার্ম, কোম্পানী ইত্যাদি যদি বাদ পড়ে এবং পরবর্তীতে তা প্রণিধানযোগ্য হয় তবে তা কর অঞ্চল-১, ঢাকার অধিক্ষেত্রভুক্ত বলে গণ্য হবে।

০৩। কর অঞ্চল-১, চট্টগ্রাম থেকে কর অঞ্চল-০৬,চট্টগ্রাম এর অধিক্ষেত্রভুক্ত হওয়ার যোগ্য কোন এলাকা, ব্যক্তি, ফার্ম, কোম্পানী ইত্যাদি যদি বাদ পড়ে এবং পরবর্তীতে তা প্রণিধানযোগ্য হয় তবে তা কর অঞ্চল-১, চট্টগ্রাম অধিক্ষেত্রভুক্ত বলে গণ্য হবে।

০৪। জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ১ম পর্যায়ে বিদ্যমান কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম, কর অঞ্চল- নারায়ণগঞ্জ/ গাজীপুর/ময়মনসিংহ/বগুড়া/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা, বৃহৎ করদাতা ইউনিট ও কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা, কর আপীল অঞ্চল-১, চট্টগ্রাম, কর আপীল অঞ্চল- খুলনা /রাজশাহী এর সাথে নবসৃষ্ট কর অঞ্চল- ১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫-ঢাকা, কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, ই-ট্যাক্স ব্যবস্থাপনা ইউনিট, উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট কার্যক্রম শুরু হবে।



CamScanner

০৫। ২য় পর্যায়ে কর অঞ্চল-৫/৬-চট্টগ্রাম, কর অঞ্চল- কক্সবাজার/ফরিদপুর/নরসিংদী/যশোর/কুষ্টিয়া/দিনাজপুর/নোয়াখালি এর কার্যক্রম শুরু হবে।

০৬। ৩য় পর্যায়ে আন্তর্জাতিক কর ইউনিট, কর অঞ্চল-পাবনা, কর আপীল অঞ্চল- ৫/৬, ঢাকা, কর আপীল অঞ্চল-২, চট্টগ্রাম, কর আপীল অঞ্চল-রংপুর এর কার্যক্রম শুরু হবে।

০৭। কর আপীল অঞ্চলসমূহের অধিক্ষেত্র আদেশ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরবর্তীতে প্রণীত হবে।

০৮। কর পরিদর্শন পরিদপ্তরের বিদ্যমান অধিক্ষেত্র ও কার্যপরিধি অপরিবর্তিত থাকবে।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। তবে ১ম পর্যায়ের নবসৃষ্ট কর অঞ্চলসমূহে আয়কর নথি বদলি, কর নির্ধারণ ও কর আহরণ সংক্রান্ত কার্যক্রম আগামী ১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর হবে। ২য় পর্যায় ও ৩য় পর্যায়ের কার্যক্রম শুরুর তারিখ পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারি করা হবে।

১০। ২য় ও ৩য় পর্যায়ের নবসৃষ্ট কর অঞ্চলসমূহের কার্যক্রম শুরুর পূর্ব পর্যন্ত উক্ত নবসৃষ্ট কর অঞ্চলসমূহের অধিক্ষেত্র বর্তমানে বিদ্যমান কর অঞ্চলসমূহের অধীনে থাকবে।

১১। জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগের সম্মতি ও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সিদ্ধান্ত এবং মাননীয় অর্থমন্ত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

[signature] ১৮।১২।২০২৩

(সৈয়দ মোহাম্মদ আবু দাউদ)
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.২৩.৭৪০

তারিখ: ০৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। সদস্য (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল।
০৩। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমি/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/ কর পরিদর্শন পরিদপ্তর।
০৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫-ঢাকা।
০৫। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪-চট্টগ্রাম।
০৬। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/বগুড়া/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা।
০৭। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল।
০৮। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা, কর আপীল অঞ্চল-১, চট্টগ্রাম, কর আপীল অঞ্চল- খুলনা /রাজশাহী।
০৯। কর কমিশনার, কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ব্যবস্থাপনা ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট।
১০। প্রথম সচিব (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। দ্বিতীয় সচিব (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। প্রেসিডেন্ট/প্রধান নির্বাহী কর্মকর্তা, .......................................।
১৪। সকল ইনকাম ট্যাক্স বার।

[signature] ১৮।১২।২০২৩

(মোঃ আতাউর রহমান)
দ্বিতীয় সচিব
কর পরিবীক্ষণ ও সমন্বয়।



CamScanner